

শিক্ষা খাতে বরাদ্দ বাড়লেও বাজেটের হিসাবে কমেছে

নিজস্ব প্রতিবেদক •

২০১৭-১৮ অর্থবছরের বাজেটে শিক্ষায় বরাদ্দ অর্থ বেশি দেখানো হলেও মোট বাজেটের অংশ হিসেবে পূর্বের তুলনায় কমেছে, যা মোটেই কাম্য নয়। গতকাল রাজধানীর প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে বাজেট ২০১৭-১৮ শিক্ষা ও নারী শীর্ষক এক গোলটেবিল আলোচনায় এ মন্তব্য করেন বাংলাদেশ উন্নয়ন পরিষদের (বিইউপি) চেয়ারম্যান এমএ জলিল।

আলোচনায় বলা হয়, ২০১৬-১৭ অর্থবছরে শিক্ষা ক্ষেত্রে বরাদ্দ ছিল মোট বাজেটের ১৪.৪ শতাংশ, যা হ্রাস পেয়ে ঘোষিত ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে দাঁড়িয়েছে ১২.৬ শতাংশ। চলতি অর্থবছর বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ ছিল ৪৯ হাজার ১০ কোটি টাকা, যা সংশোধিত বাজেটে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৪৪ হাজার ২৬০ কোটি টাকা। এই হ্রাসের হার ১০ শতাংশ, যেখানে মোট সংশোধিত বাজেটে বরাদ্দের পরিমাণ হ্রাস পেয়েছে ৭ শতাংশ হারে।